

## ফিজিওথেরাপি কলেজ প্রতিষ্ঠার দাবিতে শিক্ষার্থীদের অনশন

ঢাকা সংবাদপত্র

ফিজিওথেরাপি কলেজের নির্মাণের  
তারিখ ঘোষণা এবং বাস্তবায়নের  
দাবিতে বাংলাদেশে ফিজিওথেরাপি  
স্টুডেন্ট ইউনিয়ন (বঙ্গসু) রোববার  
সকাল ৯টা থেকে কেন্দ্রীয় শহীদ মিনার  
প্রাঙ্গণে আমরণ অনশন শুরু করেছে।  
অনশনে অংশ নেয়া শিক্ষার্থীর  
জানায়, তৃতীয়বারের মতো আমরণ  
অনশনের কবরস্থিতে দুই শতাধিক  
ফিজিওথেরাপি শিক্ষার্থী অংশগ্রহণ  
করছে। এর আগে ২০০৮ সালের ২৫  
জানুয়ারি একই দাবিতে শহীদ মিনারে  
আমরণ অনশন শুরু করেছিল  
ফিজিওথেরাপি শিক্ষার্থী। ২৭ জানুয়ারি

হাস্য অধিদপ্তরের পরিচালক দাবি  
পূরণের জন্য সাতদিন সময় নিলেও তা  
কর্তব্যান হয়নি। ফলে শিক্ষার্থীরা  
আবার শহীদ মিনারে ২০০৯ সালের ১৭  
জানুয়ারি আমরণ অনশন শুরু করলে  
তৃতীয় দিনে হাস্য অধিদপ্তরের  
মহাপরিচালক শিক্ষার্থীদের কলেজ  
নির্মাণের তারিখ ঘোষণার আশ্বাস  
দিলেও তা আজো ঘোষণা করা হয়নি।  
শিক্ষার্থীর জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
চিকিৎসা অনুষদের অধীনে ১৯৭২ সালে  
ব্যচস্পর ফিজিওথেরাপি কোর্স চালু  
হয়। ৩৭ বছর পার হয়ে গেলেও স্বতন্ত্র  
কোনো ফিজিওথেরাপি কলেজ গড়ে  
ওঠেনি।